

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা-১২১২।  
www.dghs.gov.bd

স্মারক নং-স্বাস্থ্যঅধিঃ/এম.এ/বিএসসি-ভর্তি/২০১৫-২০১৬/৪৬৯

তারিখ: ১০-১১-২০১৫ইং

ভর্তি বিজ্ঞপ্তি

বিষয়: ২০১৫-২০১৬ইং শিক্ষাবর্ষে ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি ঢাকা, রাজশাহী ও জনস্বাস্থ্য ইনস্টিটিউটে বিএসসি ইন হেলথ টেকনোলজি কোর্সসমূহে ছাত্রছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি

ক্রমিক নং	কোর্সের নাম	(IHT) ঢাকা আসন সংখ্যা	(IHT) রাজশাহী আসন সংখ্যা	জনস্বাস্থ্য ইনস্টিটিউট আসন সংখ্যা
১	বিএসসি ইন হেলথ টেকনোলজি (ল্যাবরেটরী)	৫৫	৩০	৩০
২	বিএসসি ইন ফিজিওথেরাপী	৫৫	৩০	--
৩	বিএসসি ইন হেলথ টেকনোলজি (রেডিওলজী এন্ড ইমেজিং)	৪০	--	--
৪	বিএসসি ইন হেলথ টেকনোলজি (ডেন্টাল)	৩০	--	--
মোট আসন সংখ্যা=		১৮০ জন	৬০ জন	৩০ জন

শর্তাবলী:

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- (ক) সাধারণ আসনের জন্য যোগ্যতা:
  - যারা ২০১৩, ২০১৪ এবং ২০১৫ইং সনে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পাস করেছেন তারা আবেদনের যোগ্য হিসাবে বিবেচিত হবেন।
  - বি এ স সি ইন ফিজিওথেরাপী কোর্স ব্যতীত অন্যান্য কোর্সে ভর্তি ইচ্ছুক উচ্চ-মাধ্যমিক (বিজ্ঞান) অথবা সমমান (বিজ্ঞান) উত্তীর্ণ প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) অথবা সমমান (বিজ্ঞান) পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীব বিজ্ঞানসহ (ঐচ্ছিক বিষয় পদে) সর্বমোট জিপিএ ন্যূনতম ৬.০০ প্রাপ্ত হতে হবে এবং মাধ্যমিক উচ্চ মাধ্যমিক যে কোন পরীক্ষায় (ঐচ্ছিক বিষয় বাদে) ন্যূনতম জিপিএ ২.৫ থাকতে হবে। বি এ স সি ইন ফিজিওথেরাপী কোর্সে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান)/সমমান (বিজ্ঞান) উত্তীর্ণ প্রার্থীদের (ঐচ্ছিক বিষয় বাদে) সর্বমোট জিপিএ-৭.০০ প্রাপ্ত হতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক যে কোন পরীক্ষায় (ঐচ্ছিক বিষয় বাদে) ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে। ২০১৩ ইং সালের পূর্বে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান)/সমমান (বিজ্ঞান) পরীক্ষায় পাসকৃত প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।
- (খ) ডিপ্লোমাদারীদের জন্য যোগ্যতা:
 

সরকারী/ স্বায়ত্তশাসিত/বেসরকারী চাকুরীজীবী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ থেকে ডিপ্লোমা পাস এবং ৩০-১০-২০১৫ইং তারিখে বয়স অনূর্ধ্ব ৪৫ (পয়তাল্লিশ) বৎসর (এসএসসি সনদ অনুযায়ী) হতে হবে। সরকারী প্রার্থীদের চাকুরীর বয়স ৩০-১০-২০১৫ইং তারিখে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসর হতে হবে।
- আসন বিভাজন:
  - মোট আসনের ৫% ডিপ্লোমাদারী সরকারী চাকুরীজীবী, ২৫% ডিপ্লোমাদারী বেসরকারী চাকুরীজীবী, স্বায়ত্তশাসিত চাকুরীজীবী ও পাসকৃত ডিপ্লোমাদারী এবং অবশিষ্ট ২৫% এসএসসি (বিজ্ঞান) ও এইচএসসি (বিজ্ঞান) পাসকৃত ভর্তি ইচ্ছুক প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। ডিপ্লোমাদারী সরকারী চাকুরীজীবীর কোটা পূরণ না হলে, শূন্য আসন ডিপ্লোমাদারী বেসরকারী চাকুরীজীবী, স্বায়ত্তশাসিত চাকুরীজীবী ও পাসকৃত ডিপ্লোমাদারী হতে পূরণ করা হবে।
  - উপজাতীয় কোটায় প্রতিটি অনুষদে ০১ (এক)টি করে আসন ও মুক্তিযোদ্ধা কোটার (সন্তান, সন্তানদের সন্তান) প্রার্থীদের জন্য প্রতিটি অনুষদে ০১ (এক)টি করে আসন সংরক্ষিত থাকবে।
- (ক) উপজাতীয় কোটা দাবির ক্ষেত্রে প্রার্থীদেরকে তাহাদের নিজ নিজ জেলা প্রশাসক এবং গোত্র প্রধানের স্বাক্ষরিত সনদ দাখিল করতে হবে।
  - মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের সপক্ষে ১৯৯৭-২০০১ইং সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদ বা মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় গঠনের পর থেকে মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদ। মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র কন্যাদের পুত্র কন্যার ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.১৭০.০২২.০৭.০১.০১৪.২০১১-১৮১ তারিখ: ০৯ মে ২০১১ খ্রীষ্টাব্দের জারিকৃত বিধি অনুসরণ করতে হবে।
- এস এম এস এবং অন লাইন-এ আবেদন শুরু তারিখ ১২-১১-২০১৫ইং সকাল ১০.০০ ঘটিকায়। আবেদন করার শেষ তারিখ ২৫-১১-২০১৫ইং রাত ১২-০০ মিঃ, প্রবেশপত্র সংগ্রহ: ছবি ও স্বাক্ষর আপলোড করলেই প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। পরীক্ষার তারিখ ০৪-১২-২০১৫ইং শুক্রবার। সময় ০১ ঘন্টা (সকাল ১০.০০ হইতে ১১.০০ ঘটিকা পর্যন্ত)।
- ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য আই এইচ টি ঢাকা, রাজশাহী ও জনস্বাস্থ্য ইনস্টিটিউট হতে অফিস চলাকালীন সময়ে সকাল ৮.০০ ঘটিকা হতে ২.৩০ ঘটিকা পর্যন্ত জানা যাবে।

অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ  
পরিচালক  
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।  
ফোন: ৯৮৪৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২  
Email:medicaledu313@gmail.com